

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

বিষয়: ইনোভেশন টিমের কার্যবিবরণী।


আহ্বায়ক : নুরুন আখতার, পরিচালক (আইআরপি)।
তারিখ : ০৩ ফেব্রুয়ারী ২০২০।
সময় : ১২:০০ টা।
স্থান : পরিচালক (অর্থ ও কল্যাণ) এর অফিস কক্ষ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

২.০ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের বার্ষিক কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতির মূল্যায়ন কাঠামো ২০১৯-২০২০ এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য
১	সক্ষমতা বৃদ্ধি	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা যথাসময়ে সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এছাড়া উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	ফেব্রুয়ারী মাসেই উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
২	উদ্ভাবনী প্রদর্শনী (শোকেসিং)	স্বীয় দপ্তরের উদ্ভাবনী শোকেসিং সংক্রান্ত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মুজিববর্ষকে সামনে রেখে এতদসংক্রান্ত একটি প্রদর্শনী করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	মুজিববর্ষে উদ্ভাবনী প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৩	স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা এবং উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ লক্ষ্যে উপ-পরিচালক (কল্যাণ) দেশে ও বিদেশে এতদসংক্রান্ত শিক্ষাসফর/নলেজ শেয়ারিং করার বিষয়ে সভার দৃষ্টিআকর্ষণ করেন। পরে দেশে শিক্ষাসফর/নলেজ শেয়ারিং করার জন্য প্রত্যন্ত জেলা হিসেবে খাগড়াছড়ি ও নেত্রকোণা এবং আগামী জুন মাসের পরে বিদেশে শিক্ষাসফরে যাওয়ার বিষয়ে মত ব্যক্ত করা হয়।	উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা এবং উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদানের লক্ষ্যে দেশে শিক্ষাসফর/নলেজ শেয়ারিং করার জন্য খাগড়াছড়ি ও নেত্রকোণা এবং আগামী জুন মাসের পরে বিদেশে শিক্ষাসফরের যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	

আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(নুরুন আখতার)
পরিচালক (আইআরপি)
ও আহ্বায়ক, ইনোভেশন কমিটি

অনুলিপি:

- ১। পান্থ মজুমদার, প্রোগ্রামার (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২। নথির কপি/২০২০।